মেহেরপুরে অভিযান করোনাভাইরাস প্রতিরোধের জনসমাগম ঠেকাতে

করোনা ভাইরাসবর্তমান পরিপ্রেক্ষিত করোনা ভাইরাস প্রতিরোধের জনসমাগম ঠেকাতে মেহেরপুরে অভিযান শুরু হয়েছে। বুধবার দুপুরের দিকে সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোহাম্মদ মাইনউদ্দিন এর নেতৃত্বে এ অভিযান শুরু করা হয়।

শহরের কোর্ট এলাকা থেকে শুরু করে প্রধান সড়কের বড়বাজার এবং কাথুলী সড়কে অভিযান চালানো হয়। অভিযান চলাকালে সড়কের দুই পাশে কয়েকটি স্থানে শ্রমিকরা দলবদ্ধভাবে কাজ করার সময় সেখানে বাধা দেওয়া হয় এবং কাজ বন্ধ করে দেয়া হয়।

একই সাথে একই স্থানে পাঁচ জনের অধিক লোক থাকলে সেখান থেকে তাদেরকে সরানো হয়েছে। অভিযান চলাকালে পুলিশের একটি দল সেখানে উপস্থিত ছিল এবং ডিবির একটি দল একইসাথে তাদের অভিযান পরিচালনা করেন। দিনের শুরুতে মেহেরপুর শহরের প্রধান সড়কগুলোতে ইজিবাইকের দেখা মিললেও দুপুরের পর থেকে ইজিবাইক চলাচল কম করতে দেখা গেছে।

মাস্ক বিক্রি শুরু মেহেরপুরে ফুটপাতে

করোনা ভাইরাস প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মেহেরপুরে ব্যবসায়ীরা ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ রাখার পর শহরের ফুটপাতে মাক্স বিক্রি শুরু হয়েছে।

বুধবার দুপুরের দিকে মেহেরপুর শহরের বড়বাজার এলাকায় বেশ কয়েকজন ব্যবসায়ী তাদের ব্যবসা কেন্দ্রের প্রধান ফটক বন্ধ রেখে সামনে মাক্স ঝুলিয়ে বিক্রি করতে দেখা গেছে।

এদিকে ক্রেতাদের অভিযোগ ১০ থেকে ১৫ টাকার মাক্স এখন ৪০/৫০ টাকায় বিক্রি হচ্ছে। এদিকে শুরু থেকেই ছাত্রদের রাস্তায় বের হওয়ার

ব্যাপারে নিষেধাজ্ঞা থাকলেও রাস্তার পাশে শিশুদের মাক্স বিক্রি করতে দেখা গেছে।

আমঝুপি রঘুনাথপুর গ্রামে সিঙ্গাপুর ফেরত নিজ উদ্যোগে স্বেচ্ছায় হোম কোয়ারান্টিনে

মেহেরপুর সদর উপজেলা আমঝুপি ইউনিয়নে রঘুনাথপুর গ্রামের সিঙ্গাপুর ফেরত নিজ উদ্যোগে স্বেচ্ছায় হোম কোয়ারান্টিনে। গতকাল মঙ্গলবার বেলা ৪টায় আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান ও করোনা ভাইরাস প্রতিরোধ কমিটির সভাপতি বোরহান উদ্দিন আহমেদ নেতৃত্বে স্বেচ্ছায় হোম কোয়ারান্টিন ব্যক্তি বাসায় জান।

এ সময় উপস্থিত ছিলেন আমঝুপি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মতিউর রহমান, ৯ নম্বর ওয়ার্ডের মেম্বার মশিউর রহমান ডাবলু, বিশিষ্ট সমাজসেবক খলিলুর রহমান, আলামিন হোসেন, সাংবাদিক আখতারুজ্জামান, সাংবাদিক শহিদুল ইসলাম, সাংবাদিক সেলিম রেজা, এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন ।

এ সময় স্বেচ্ছায় হোম কোয়ারান্টিনর ব্যক্তির বাবা দোয়ায় আলীর হাতে ১৪ দিনের ত্রাণ সামগ্রী তুলে দেন।

করোনা ভাইরাস সম্পর্কে প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের

ভিডিও কনফারেন্স

করোনা ভাইরাস সম্পর্কে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. আহমেদ কায়কাউস ভিডিও কনফারেন্সের মাধ্যমে মেহেরপুর জেলা প্রশাসকের সাথে কথা বলেছেন।
গতকাল মঙ্গলবার বিকেলের দিকে ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. আহমেদ কায়কাউস করোনা ভাইরাস নিয়ে বিস্তার আলোচনা করেন।
এসময় মেহেরপুর জেলা প্রশাসক মো: আতাউল গনি, পুলিশ সুপার এসএম মুরাদ আলি, সিভিল সার্জন ডাক্তার নাসির উদ্দিনসহ প্রশাসনের অন্যান্য কর্মকর্তাগণ সেখানে উপস্থিত ছিলেন।

মেহেরপুর শহরে সন্ধ্যার পর সকল দোকানপাট বন্ধ

মেহেরপুর শহরে করোনাভাইরাসের সংক্রমণ নিয়ন্ত্রণের জন্য পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত সন্ধ্যা পর থেকে ওষুধের দোকান ও নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দোকান ছাড়া সকল প্রকার মার্কেট ও দোকানপাট বন্ধ করে দিয়েছে জেলা প্রশাসন।
গতকাল মঙ্গলবার সন্ধ্যার পর থেকে মেহেরপুর শহরের প্রধান প্রধান সড়ক সহ শহরের সকল দোকানপাট পরবর্তী নির্দেশনা না দেওয়া বন্ধ করা হয়। নিয়ম না মানলে আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা নেওয়া হবে।
এসময় শহরের দোকানপাট ব্যবসা কেন্দ্র দেখার লক্ষ্যে মেহেরপুরে জেলা প্রশাসক মো: আতাউল গনি, পুলিশ সুপার এসএম মুরাদ আলীসহ পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তাগণ শহর প্রদক্ষিণ করেন।
এদিকে সন্ধ্যার পরপরই মেহেরপুর শহরের সকল ব্যবসাপ্রতিষ্ঠান বন্ধ হয়ে যাওয়া পর থেকে শহরের প্রধান সড়ক গুলোতে ফাঁকা হতে থাকে। এ সময় জেলা প্রশাসক মো: আতাউল গনি এবং পুলিশ সুপার এস এম মুরাদ আলি করোনা ভাইরাস প্রতিরোধে ও সর্ব সাধারণকে বাইরে বের না হওয়ার জন্য আহ্বান জানান।

মেহেরপুর পৌরসভার করোনা ভাইরাস প্রতিরোধে পৌরসভা কমিটির আলোচনা সভা

মেহেরপুর পৌরসভার উদ্যোগে করোনা ভাইরাস প্রতিরোধে পৌরসভা কমিটির আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল মঙ্গবার দুপুরের দিকে মেহেরপুর পৌরসভার কালাচাঁদ মেমোরিয়াল হল মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়।
পৌর মেয়র মাহফুজুর রহমান রিটনের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন সহকারী কলেজের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন, প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, কাউন্সিলর আল মামুন, জাফর ইকবাল, নুরুল আশরাফ রাজিব, সোহেল রানা ডলার, কবি নজরুল শিক্ষা মঞ্জিলের সহকারী প্রধান শিক্ষক এনামুল হক প্রমুখ।

মেহেরপুরে টিসিবির ৫ম দিনের মতো পণ্য বিক্রি

মেহেরপুরে টিসিবির মাধ্যমে ৫ম দিনের মতো তেল, চিনি এবং মুসুরির ডাল বিক্রি করা হয়েছে। ৫শ টাকায় ৫ লিটার তেল ১ কেজি চিনি এবং ১ কেজি মসুর ডাল বিক্রি করা হচ্ছে।
গতকাল মঙ্গলবার বিকালে মেহেরপুরের জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে এস আর আনোয়ার ট্রেডার্স এর মাধ্যমে এসকল সকল পণ্য বিক্রি করা হয়। বাজারের চেয়ে অপেক্ষাকৃত কম মূল্যে টিসিবির পণ্য কিনতে ক্রেতা সাধারণকে ভিড় করতে দেখা গেছে।

মেহেরপুর পৌরসভার জীবাণুনাশক স্প্রে

মেহেরপুর পৌরসভার উদ্যোগে জীবাণুনাশক স্প্রে করা উদ্বোধন করা হয়েছে। গতকাল মঙ্গলবার সকালের দিকে মেহেরপুর পৌরসভা প্রাঙ্গণে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন স্প্রে করণের উদ্বোধন করেন। এসময় পৌর কাউন্সিলর জাফর ইকবাল, শাকিল রাব্বী ইভান, নুরুল আশরাফ রাজিব প্রমুখ উপস্থিত ছিলেন।
পৌরসভার পরিচ্ছন্ন কর্মীরা মেহেরপুর শহরের প্রধান প্রধান সড়কসহ প্রধান সড়কে চলাচলকারী বিভিন্ন যানবাহনে জীবাণুনাশক স্প্রে করবে।

মেহেরপুরে করোনা প্রতিরোধে জনসাধারণকে সচেতন করতে সেনাবাহিনী

করোনা ভাইরাস প্রতিরোধে জনসাধারণকে সচেতন ও প্রশাসনকে সহযোগিতা করার জন্য সেনাবাহিনী মেহেরপুর পৌঁছেছে। গতকাল মঙ্গলবার বগুড়ার ৪০ ফিল্ড আর্টিলারি রেজিমেন্ট অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল ফখরুদ্দীনের নেতৃত্বে সেনাবাহিনীর সদস্যরা মেহেরপুর পৌঁছেছেন।
দুপুরের দিকে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এক যৌথ সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক মোহাম্মদ আতাউল গনির সভাপতিত্বে যৌথ সভায় বক্তব্য রাখেন বগুড়া সেনা ক্যাম্পের ৪০ ফিল্ড আর্টিলারি রেজিমেন্ট অধিনায়ক লে, কর্নেল ফখরুদ্দিন, পুলিশ সুপার এসএম মুরাদ আলি, সিভিল সার্জন ডাক্তার নাসির উদ্দিন, অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ তৌফিকুর রহমান,ক্যাপ্টেন রাকিব ।
সভায় অযথা জনসমাগম না করা সহ, প্রবাসীদের ঘরের বাইরে বের না

হওয়া, সামাজিক দূরত্ব বজায় রাখার অনুরোধ জানানো হয়। একই সাথে বিনা কারণে ঘরের বাইরে বের না হওয়ার জন্য সকলের প্রতি আহ্বান জানানো হয়।
সেনাবাহিনী বিদেশ থেকে ফেরত আসা ব্যক্তির অবস্থান নির্ণয় ও তাঁদের নিজ নিজ অবস্থানে কোয়ারেন্টিন নিশ্চিত করাই হবে মূল লক্ষ্য।

২৪ ঘণ্টায় মেহেরপুরে কোয়ারান্টিনে ১১৫ জন

নভেল করোনাভাইরাসের প্রকোপে গেলো ২৪ ঘণ্টায় মেহেরপুর জেলার ৩ টি উপজেলায় ১১৫ জন বিদেশ থেকে আসা কোয়ারেন্টিনে ভর্তি হয়েছেন। মেহেরপুর জেলা স্বাস্থ্য বিভাগ সূত্রে জানা গেছে মেহেরপুর সদর উপজেলায় ১৬ জন গাংনী উপজেলায় ৯১ জন এবং মুজিবনগর উপজেলায় ৮ জন কোয়ারান্টিনে ভর্তি হন ।
এ নিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় মোট ৩০৪ হোম কোয়ারেন্টিনে আছে। এদিকে এখন পর্যন্ত মোট ৭০ জনকে কোয়ারেন্টি থেকে ছাড়পত্র দেয়া হয়েছে বলে স্বাস্থ্য বিভাগ সূত্রে জানা গেছে।